গাংনীতে আন্তর্জাতিক অহিংসতা দিবস পালিত

“গাংনীতে আন্তর্জাতিক অহিংসতা দিবস পালিতঅহিংসতার প্রথম নীতিই হলো অমার্যাদাকে প্রত্যক্ষাণ করা, নিস্ক্রিয় থেকে অহিংসা প্রতিষ্ঠা করা যায়না” ভারতের অবিসংবাদিত নেতা মহাত্না গান্ধির এ উক্তিকে সামনে নিয়ে মেহেরপুরের গাংনীতে পালিত হয়েছে আন্তর্জাতিক অহিংসতা দিবস।

দিবসটি পালন উপলক্ষে আজ শনিবার (২ অক্টোবর) সকাল ১১ টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলা প্রেসক্লাবের সামনে এক দীর্ঘ মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ-এর সহযোগিতায় পিচ ফ্যাসিলেটেটর গ্রুপ (পিএফজি) গাংনী শাখার আয়োজনে এ মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে সভাপতিত্ব করেন জাতীয় কন্যা শিশু অ্যাডভোকেসি ফোরামের মেহেরপুর জেলা শাখার সভাপতি সিরাজুল ইসলাম মানববন্ধনে সভাপতিত্ব করেন।

মানববন্ধনে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাংগাঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাস্টার, জাতীয় পার্টি (জাপা) কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য আব্দুল বাকী, গাংনী উপজেলা বিএনপির গাংনী উপজেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দাল হক, জাতীয় পার্টির গাংনী উপজেলা শাখার সভাপতি বাবলু রহমান, সাধারণ সম্পাদক জান মহাম্মদ, বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির (মার্কসবাদী) এর কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড আবুল হাসেম, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ গাংনী এরিয়া অফিসের সমন্বয়কারী হেলাল উদ্দীন, পিএফজির অ্যাম¦◌াসেডর আফরোজা বানু, সাংবাদিক জুলফিকার আলী কানন প্রমুখ।

বক্তারা বলেন, সমাজের হিংসা বিদ্বেস ভুলে এক সাথে কাজ করাই ছিল ভারতের অবিসংবাদিত নেতা মহাত্নাগান্ধির দর্শন। তার অহিংস দর্শনের এই অহিংস রাজনীতিই পারে সমাজের সৃংখলা ফিরিয়ে আনতে। আমাদের সকলের উচিৎ সমাজ বির্নিমানে মহাত্নাগান্ধির সে দর্শণে পথ চলা।